

ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (আইডিএম)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

স্মারক নং-

তারিখ

ভর্তি বিজ্ঞপ্তি

(পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রাম)

অত্র বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট-এ **জুলাই-২০১৮**ইং সেমিস্টারে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রামে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- আবেদন ফরমের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীটের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (ক) পিজিডি (ডিএমই) প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
(খ) পিজিডি (ডিএমএস) প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে ৪ বছরের বি.এস-সি (অনার্স)/৩ বছরের বি.এস-সি (অনার্স) সহ এম.এস-সি/বিইউআরপি/বি.আর্ক ডিগ্রী বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
(গ) পিজিডি (ডিএম) প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান, অর্থনীতি, শিক্ষা, ব্যবস্থাপনা, বিবিএ বিষয়ে ৪ বছরের ব্যাচেলর অব অনার্স/৩ বছরের ব্যাচেলর অব অনার্সসহ মাস্টার্স ডিগ্রী বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
- পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর অবশ্যই বি.এস-সি. ইঞ্জি./বিএস-সি (অনার্স)/ ব্যাচেলর অব অনার্স ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এম.এস-সি. ও এইচ.এস-সি. তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।
- চাকুরীরত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ আবেদন করতে হবে।
- আগামী **০১/০৪/২০১৮**ইং হতে **২৬/০৪/২০১৮**ইং তারিখ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখার মাধ্যমে (টাকা জমা রশিদে শিক্ষা শাখা কর্তৃক স্বাক্ষরের পর) আবেদন ফরম বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় জমা দিয়ে জমা রশিদের বিনিময়ে অফিস চলাকালীন সময়ে শিক্ষা শাখা হতে আবেদন ফরম সংগ্রহ করা এবং জমা দেওয়া যাবে।
- আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ **২৬/০৪/২০১৮** ইং।
- আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর অন্য যে কোন জনতা ব্যাংক লিঃ এর শাখা হতে জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা এর উপর ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা শিক্ষা শাখা হতে ফি জমা রশিদের মাধ্যমে (শিক্ষা শাখা কর্তৃক স্বাক্ষরের পর) নগদ ২০০/- (দুইশত) টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় জমা দিয়ে জমা রশিদ সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- শুধুমাত্র পূর্ণকালীন ও অধিকতর যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিয়মানুযায়ী টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Teaching Assistantship) প্রদান করা হবে। এজন্য ভর্তির পর পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।
- বর্ণিত প্রোগ্রাম সমূহে পূর্ণকালীন বা খন্ডকালীন ছাত্র/ছাত্রী হিসেবে ভর্তি হতে পারবে।
- আগামী **১০/০৫/২০১৮**ইং তারিখ রোজ **বৃহস্পতিবার** বিকাল ৩:০০ ঘটিকায় প্রার্থী নির্বাচনের জন্য লিখিত/মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রার্থীকে অত্র ইনস্টিটিউটের পরিচালক (আইডিএম) এর অফিস কক্ষে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে।
- আগামী **২০/০৫/২০১৮**ইং তারিখ রোজ **রবিবার** চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।
- নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ফিস পরিশোধান্তে আগামী **২২/০৫/২০১৮**ইং হতে **২৮/০৬/২০১৮**ইং তারিখের মধ্যে ভর্তি হতে হবে এবং রেজিস্ট্রেশন করতে হবে।

স্বাক্ষরিত/-

২৮/৩/১৮

(প্রফেসর ড. কাজী হামিদুল বারী)

পরিচালক (আইডিএম)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- খুপ্রবি/শিক্ষা/২৪৭৯/১৫০

তারিখ : ২৮/০৩/২০১৮ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরিচালক, সকল ইনস্টিটিউট, অত্র বিশ্ববিদ্যালয়।
- পরিচালক (আইআইসিটি), বিজ্ঞপ্তি অনলাইনে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- সকল শাখা প্রধান/দপ্তর প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- রেজিস্ট্রার,।
আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- অধ্যক্ষ,।
আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- প্রধান প্রকৌশলী,।
আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- সভাপতি/সাধারণ সম্পাদক,।
আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। ভিসি মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ।
- সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- অফিস নথি।

(সেখ আক্বাহ আলী)

ডেপুটি রেজিস্ট্রার